দৈনিক
ইত্তেফাক

তারিখ 7 JUN 2009
পৃষ্ঠা ... কলাম ...

# উচ্চ মাধ্যমিক উত্তীর্ণরা দুই বছরের জন্য চাকরি পাবে : অর্থমন্ত্রী

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

আগামী অর্থবছরের বাজেটে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণদের জন্য দুই বছরের চাকরির সুযোগ করে দেবে সরকার। প্রাথমিকভাবে ৩টি উপজেলায় 'পাইলট প্রজেক্ট' হিসাবে প্রকল্পটি গ্রহণ করা হবে। পর্যায়ক্রমে সব উপজেলায় এটি বাস্তবায়নের উদ্যোগ নেয়া হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। শনিবার পরিকল্পনা কমিশনে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এতথ্য জানান। অর্থমন্ত্রী বলেন, নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী 'ন্যাশনাল সার্ভিসে' নিযুক্ত করার জন্যই প্রকল্পটি গ্রহণ করা হবে। এর আওতায় (৪র্থ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## উচ্চ মাধ্যমিক উত্তীর্ণরা

(প্রথম পৃঃ পর)

এইচএসসি উত্তীর্ণদের ছয়মাস প্রশিক্ষণ দেয়া হবে। পরবর্তী দেড় বছর তাদেরকে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থায় চাকরির ব্যবস্থা করা হবে। দুই বছর শেষে তরুণ-তরুণীরা সিদ্ধান্ত নেবে তারা চাকরি করবে নাকি পড়াশোনা করবে। আগামী ১১ জুন জাতীয় সংসদে অর্থমন্ত্রী আগামী বছরের বাজেট পেশ করবেন।

অর্থমন্ত্রী বলেন, সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার জন্য বাজেটে বিভিন্ন পদক্ষেপ থাকছে। সে হিসাবে বাজেটের আকারও বড় হবে। আবার মন্দার ক্ষতি পুষিয়ে নিতেও বাজেটে কিছু পদক্ষেপ থাকছে। তিনি এ বছরে জিডিপি প্রবৃদ্ধির হার ৫ দশমিক ৫৯ শতাংশ হবে বলে উল্লেখ করেন। বাজেটের আরো গুজব ছড়িয়ে কিছু পণ্যের দাম বৃদ্ধি প্রসঙ্গে তিনি বলেন, প্রতি বারেই বাজেটের আগে এ ধরনের ঘটনা ঘটে থাকে।

তিনি বলেন, পদ্মা সেতু নির্মাণে আইডিবি ১৩ কোটি ডলার অর্থ যোগান দেবে। দরকার হলেও আরো সহায়তা পাওয়া যেতে পারে। আইডিবির সঙ্গে গ্রামেগঞ্জে সোলার সিস্টেম চালুর প্রকল্পের জন্য ১ কোটি ৮০ লাখ ডলারের একটি ঋণ চুক্তিও সম্পাদন করেছেন বলে জানান অর্থমন্ত্রী।